নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৬/২৪০৬ ১৩ জানুয়ারি ২০২৬

**<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>**

# দক্ষিণ এশিয়ায় উচ্চশিক্ষার ভবিষ্যৎ রূপরেখা নিয়ে আয়োজিত সম্মেলনে নোবিপ্রবি উপাচার্যের অংশগ্রহণ

দক্ষিণ এশিয়ার উচ্চশিক্ষা ব্যবস্থার বর্তমান অবস্থা, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পথনির্দেশনা নিয়ে ঢাকায় শুরু হয়েছে South Asian Regional Conference on State of Higher Education and Future Pathway (SARCHE 2026)। আজ মঙ্গলবার (১৩ জানুয়ারি ২০২৬) রাজধানীর লা মেরিডিয়ান ঢাকায় এ আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়।

সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবেল বিজয়ী অর্থনীতিবিদ ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা প্রফেসর ড. চৌধুরী রফিকুল আবরার। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মিসেস নেহাল পারভীন এবং বিশ্বব্যাংকের ডিভিশন ডিরেক্টর মি. জিন পেসমে।

সম্মেলনে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর ড. এস. এম. এ. ফয়েজ। এ আন্তর্জাতিক সম্মেলনে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য, ইউজিসি সদস্য, জ্যেষ্ঠ শিক্ষাবিদ, গবেষক ও নীতিনির্ধারকদের সঙ্গে দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশের প্রতিনিধিরা অংশ নেন।

চারদিনব্যাপী এ সম্মেলনে উচ্চশিক্ষার গুণগত মানোন্নয়ন, গবেষণা ও উদ্ভাবন, আঞ্চলিক সহযোগিতা, শিক্ষার অর্থায়ন এবং ভবিষ্যৎ কর্মবাজার উপযোগী উচ্চশিক্ষা ব্যবস্থা গড়ে তোলার ওপর একাধিক প্ল্যানারি সেশন, প্যানেল আলোচনা ও টেকনিক্যাল সেশন অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, SARCHE 2026 সম্মেলনটি দক্ষিণ এশিয়ায় উচ্চশিক্ষা খাতের নীতি ও সংস্কার প্রক্রিয়ায় একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসেবে বিবেচিত হচ্ছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) আয়োজিত এ সম্মেলন চলবে আগামী ১৫ জানুয়ারি পর্যন্ত। সম্মেলনটি বাস্তবায়নে সহায়তা করছে সরকারের Higher Education Acceleration and Transformation (HEAT) Project এবং বিশ্বব্যাংক।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪